



সিলেট সিটি কর্পোরেশন

পানি সরবরাহ শাখা

নগর ভবন, সিলেট

www.scc.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পানির মাসিক বিল বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সম্মানিত নগরবাসীগণকে নিরবিচ্ছিন্নভাবে বিশুদ্ধ পানি সরবরাহের লক্ষ্যে সিলেট সিটি কর্পোরেশন (সিসিক) পানির উৎপাদন ও বিতরণ কার্যক্রম সর্বোচ্চ চেষ্টায় অব্যাহত রেখেছে। বিগত কয়েক বছরে বিদ্যুতের মূল্য, পানি উৎপাদন ও সরবরাহ কার্যক্রম বৃদ্ধি এবং এর রক্ষণাবেক্ষণ ব্যয় বৃদ্ধি পাওয়ার কারণে পানি সরবরাহ খাতে ব্যয় বৃদ্ধি পেয়েছে। প্রতিমাসে এ খাতে সিটি কর্পোরেশনকে প্রায় ৬৫ লক্ষ টাকা ভুতুঁকি দিতে হচ্ছে। পানির সিস্টেম লস কমানোর লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ থেকে প্রত্যেক সংযোগে মিটার স্থাপনের নির্দেশনা রয়েছে। মিটার স্থাপনে একসঙ্গে বিপুল পরিমাণ অর্থের প্রয়োজন। পানি সরবরাহ খাতে সিসিকের নিকট বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বকেয়া বিদ্যুৎ বিলের পরিমাণ প্রায় ৩৫ কোটি টাকা। বিদ্যুৎ বিল পরিশোধ, পানি সরবরাহ কার্যক্রমে গতিশীলতা আনয়ন এবং গ্রাহকের সেবার মান বৃদ্ধির লক্ষ্যে সিটি কর্পোরেশনের পরিষদ কর্তৃক গত ২১ জুন ২০২১ ইং তারিখে অনুষ্ঠিত সাধারণ সভায় পানি মাসিক বিল পুনঃনির্ধারণ করা হয়েছে। পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী পুনঃনির্ধারিত পানির মাসিক বিল গত ০১ জুলাই ২০২১ থেকে কার্যকর হবে। এমতাবস্থায়, সুষ্ঠুভাবে পানি সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে সিসিক এর পুনঃনির্ধারিত পানির সংযোগের মাসিক বিল প্রদানে সম্মানিত নগরবাসীগণের সার্বিক সহযোগিতা কামনা করা যাচ্ছে।

পুনঃনির্ধারিত পানির সংযোগের মাসিক বিল নিম্নরূপঃ

গ্রাহকের ধরন	ডায়ামিটার (.৫ ইঞ্চি)		ডায়ামিটার (.৭৫ ইঞ্চি)		ডায়ামিটার (১ ইঞ্চি)	
	বর্তমান মাসিক হার (টাকা)	পুনঃনির্ধারিত মাসিক হার (টাকা)	বর্তমান মাসিক হার (টাকা)	পুনঃনির্ধারিত মাসিক হার (টাকা)	বর্তমান মাসিক হার (টাকা)	পুনঃনির্ধারিত মাসিক হার (টাকা)
আবাসিক	২০০	৫০০	৪০০	৮০০	১০০০	১৫০০
বাণিজ্যিক	৪০০	৮০০	৭০০	১২০০	১৫০০	২২০০
প্রাতিষ্ঠানিক	৪০০	৮০০	৭০০	১২০০	২০০০	৩০০০
সরকারী	৪০০	৮০০	৭০০	১২০০	১০০০	১৫০০

(বিধায়ক রায় চৌধুরী)

প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)

সিলেট সিটি কর্পোরেশন